



সমকালীন ইসলামী চিন্তাঃ ড.ওভামির আঞ্জুমের সাথে একান্ত আলাপচারিতা

ওভামির আঞ্জুম



ড. ওভামির আঞ্জুম ক্লাসিক্যাল ও সমসাময়িক ইসলামী চিন্তার একজন অগ্রগণ্য গবেষক। এ বছরের আগষ্ট মাসের ৫ তারিখে সংগরণ ড. ওভামির আঞ্জুম এর সাথে সমকালীন ইসলামী চিন্তার নানাবিধ বিষয়াদি নিয়ে একান্ত আলাপচারিতায় বসে। প্রায় দুই ঘণ্টাব্যাপী এই আলোচনায় ইবনে তাইমিয়া, ইমাম গাজালী, ইসলামের রাজনৈতিক দর্শন, আকিদা, সালাফী চিন্তাসহ সমসাময়িক ইসলামী চিন্তার খুঁটিনাটি বিষয় উঠে আসে। ইসলামী চিন্তা নিয়ে আগ্রহী তরুণদের জন্য এতে যথেষ্ট চিন্তার খোরাক রয়েছে। - সম্পাদক



ওভামির আঞ্জুম

ড. ওভামির আঞ্জুম ক্লাসিক্যাল ও সমসাময়িক ইসলামী চিন্তার একজন অগ্রগণ্য গবেষক। তিনি বর্তমানে টলেডো বিশ্ববিদ্যালয়ের দর্শন ও ইসলামিক স্টাডিজ অধ্যাপক। পাশাপাশি বর্তমানে তিনি American Journal of Islamic Social Science এর এডিটর। তাঁর কাজের মাঝে রয়েছে ধর্মতত্ত্ব, নীতিবিদ্যা, রাজনীতি এবং আইনের সমন্বয় যা ক্লাসিক্যাল ও আধুনিক পশ্চিমা বিশ্বের চিন্তা-চেতনার সাথে সংশ্লেষণ করে বিশ্লেষণ করেন। তাঁর চিন্তা জগতের আগ্রহ ও উদ্দীপনার বিষয়গুলোর মাঝে রয়েছে জ্ঞানতত্ত্বের উৎস (এপিষ্টেমোলজি), রাজনীতি, ফিকহ, ধর্মতত্ত্ব, কালাম, ইসলামি দর্শন ও আধ্যাত্মিকতা ইত্যাদি। বর্তমানে তাঁর অন্যতম গবেষণার বিষয় হলো আধুনিক আন্দোলন, রাজনৈতিক চিন্তা ও আধুনিক ইসলামি চিন্তার সাথে ধ্রুপদী বা ক্লাসিক্যাল ইসলামি জ্ঞানের সমন্বয় সাধন করা; বিশেষত আরব বসন্তের সাথে এগুলোর বড় ধরনের সংশ্লিষ্টতা থাকার কারণে এ দিকটায় তিনি মনযোগ দিয়েছেন। ইতিহাসে অধ্যয়নের দরুণ লব্ধ অভিজ্ঞতার সাথে তিনি ক্লাসিক্যাল ইসলামি শিক্ষা, রাজনৈতিক দর্শন ও সাংস্কৃতিক নৃবিজ্ঞানের মতো আন্তঃশাস্ত্রীয় বিষয়ের সমন্বয় ঘটান। তিনি মেডিসনের ইউনিভার্সিটি অব উইসকনসিন-এ ইতিহাসের উপর পিএইচডি করেন এবং সামাজিক বিজ্ঞানে মাস্টার্স করেন শিকাগো বিশ্ববিদ্যালয় থেকে। তিনি ইউনিভার্সিটি অব উইসকনসিন-এ কম্পিউটার সাইন্সে আরেকটি মাস্টার্স করেন। তাঁর প্রকাশিত বইয়ের মধ্যে রয়েছে Politics, Law and Community in Islamic Thought: The Taymiyyan Moment। পাশাপাশি তিনি বেশ কিছু একাডেমিক প্রবন্ধ প্রকাশ করেন যার মধ্যে রয়েছে What is Salafism, Salafism and Democracy: Doctrine and Context, Political Metaphors and Concepts in the Writings of An Eleventh-Century Sunni Scholar, Abu al-Ma'ali al-Juwayni, Cultural Memory of the Salaf in al-Ghazali, Sufism without Mysticism: Ibn al-Qayyim's Objectives in Madarij al-Salikin, Islam as a Discursive Tradition: Talal Asad and His Interlocutors, Mystical Authority and Governmentality in Islam। এছাড়াও American Journal of Islamic Social Science-এ Interview with Talal Asad শিরোনামে তালাল আসাদের সাথে তাঁর একটি সাক্ষাৎকার প্রকাশিত হয়েছে। বর্তমানে তিনি আধুনিক ইসলামি রাজনৈতিক চিন্তার ভিত্তি ও মৌলিকতা নিয়ে কাজ করছেন যাঁর ভালো আভাস পাওয়া যায় ইবনে তাইমিয়ার চিন্তার উপর রচিত তাঁর গবেষণা গ্রন্থে। এ ছাড়াও তিনি প্রায় এক দশক ধরে ইমাম ইবনুল কাইয়িম (রাহিমাহুল্লাহ) এর আধ্যাত্মিক ও জ্ঞানগত দিক থেকে ক্লাসিক মাদারিজ আস সালিকিন (Ranks of Divine Seekers) এর অনুবাদ ও সম্পাদনার কাজ করছেন।